রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী।

মানিলন্ডারিং, টেররিস্ট ফাইন্যান্সিং প্রিভেনশন এন্ড ব্রাঞ্চেস কন্ট্রোল ডিপার্টমেন্ট

ফোন নং: [illegible]; ই-মেইল: dgmbcd@rakub.org.bd; ওয়েবসাইট: www.rakub.org.bd

প্রকা/এমটিএফপি এন্ড বিসিডি সার্কুলার নম্বর-০১/২০২২ — তারিখ: ২৬.০৪.২০২২

সকল জোনাল ব্যবস্থাপক
ব্যবস্থাপক, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা
ব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী
সকল শাখা ব্যবস্থাপক (জোনাল ব্যবস্থাপকগণের মাধ্যমে)
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

বিষয়: "রাকাব ডাবল মানি স্কিম (RDMS)" এর মেয়াদ ও সুদহার পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়

উপর্যুক্ত বিষয়ে ব্যাংকের কস্ট অব ফান্ড বিবেচনায় ঋণের পরিবর্তিত সুদহারের সাথে সামঞ্জস্য রেখে আমানতের সুদহার পরিবর্তন বিষয়ে গত ০৯ মার্চ ২০২২ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৫৪৫ তম সভায় "রাকাব ডাবল মানি স্কিম (RDMS)" এর মেয়াদ ও সুদহার পুনঃনির্ধারণের নিমিত্ত একটি সারসংক্ষেপ উপস্থাপন করা হলে পর্ষদ কর্তৃক বর্ণিত স্কিমের মেয়াদ ও সুদহার পুনঃনির্ধারণের অনুমোদন প্রদান করা হয়।

০২। এ আমানত স্কীমের রূপরেখা হবে নিম্নরূপ:

(১) স্কীমের নাম	: "রাকাব ডাবল মানি স্কীম (RDMS)"
(২) স্কীমের মেয়াদকাল	: ১২ (বার) বছর।
(৩) হিসাবে জমার পরিমাণ	: সর্বনিম্ন ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ও এর গুণিতক।
(৪) সুদ হার ও প্রদানযোগ্য অর্থের পরিমাণ	: ৫.৯৫% (বার্ষিক চক্রবৃদ্ধি); গ্রাহক ১২ বছর পর সুদাসলে মূল টাকার দ্বিগুণ অর্থ প্রাপ্য হবেন তবে সরকারি উৎসে কর ও আবগারী শুল্ক কর্তন করা হবে।

০৩। উদ্দেশ্য: সাধারণ মানুষকে সঞ্চয়ে উৎসাহিত করার লক্ষ্যে ভবিষ্যত আর্থিক নিশ্চয়তা ও কল্যাণ সাধনের মাধ্যমে ব্যাংকের আমানত বৃদ্ধি।

০৪। হিসাব খোলার নিয়মাবলী:

ক. প্রাপ্ত বয়স্ক এবং সুস্থ মস্তিস্ক সম্পন্ন যে কোন বাংলাদেশী নাগরিক নিজ নামে/যৌথ নামে এ স্কীমের আওতায় ব্যাংকের নির্ধারিত অভিন্ন হিসাব খোলার ফরমের মাধ্যমে মাসের যে কোন কর্মদিবসে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের যে কোন শাখায় একই ব্যক্তির নামে এক বা একাধিক হিসাব খুলতে পারবেন;

খ. হিসাব খোলার সময় আমানতকারীকে তাঁর যথাযথ/পূর্ণাঙ্গ পরিচিতি প্রদানের জন্য জাতীয় পরিচয়পত্র/স্মার্ট কার্ড/জন্মনিবন্ধন সনদ/পাসপোর্ট এর সত্যায়িত ফটোকপি ও পাসপোর্ট সাইজের সত্যায়িত ০২ (দুই) কপি ছবি প্রদান করতে হবে;

গ. গ্রাহকের যদি টিআইএন সার্টিফিকেট থাকে তবে হিসাব খোলার সময় টিআইএন সার্টিফিকেট জমা নিতে হবে এবং যথাযথভাবে হিসাব খোলার ফর্মে লিপিবদ্ধ করে তা সংরক্ষণ করতে হবে;

ঘ. হিসাব খোলার ফরমে মেয়াদকাল ও এককালীন জমার পরিমাণ (অংকে ও কথায়) স্পষ্ট ভাবে উল্লেখ থাকতে হবে; কোন রূপ কাটাকাটি, ঘষামাজা, উপরিলিখন, পরিবর্তন ও পরিমার্জন কোন অবস্থাতেই গ্রহণযোগ্য হবে না;

ঙ. অভিভাবকের সাথে ১৮ বছরের কম বয়সী শিশু/কিশোর যৌথভাবে এ হিসাব খুলতে পারবেন;

চ. গঠনতন্ত্র (By-law), সংঘ স্মারক (Articles of Association) এবং পরিচালনা কমিটির সিদ্ধান্তক্রমে প্রতিষ্ঠান, ক্লাব ও সমিতির নামেও এই হিসাব খোলা যাবে;

ছ. হিসাব খোলার সময় গ্রাহককে পৃথক একটি কার্ডে ৩টি নমুনা স্বাক্ষর প্রদান করতে হবে;

জ. ব্যক্তি নামে কোনভাবেই নমিনিবিহীন হিসাব খোলা যাবে না।

ক্রমশ: পাতা-০২

০৫। নমিনি মনোনয়ন সংক্রান্ত নিয়মাবলী:

ক. আমানতকারী এক বা একাধিক ব্যক্তিকে তাঁর হিসাবের নমিনি নিযুক্ত করতে পারবেন। একাধিক নমিনি হলে নমিনির অংশও তিনি নির্ধারণ করতে পারবেন/করে দিবেন। নমিনি/নমিনিগণের পাসপোর্ট সাইজের ছবি আমানতকারী কর্তৃক সত্যায়িত হতে হবে;

খ. নাবালকও নমিনি নিয়োগ করা যাবে। এই ক্ষেত্রে নাবালক থাকা অবস্থায় আমানতকারীর মৃত্যুর পর আমানতের অর্থ কে গ্রহণ করতে পারবেন তদসম্পর্কে তিনি লিখিতভাবে নির্দেশনা প্রদান করতে পারবেন। অন্যথায় প্রচলিত আইন দ্বারা নির্ধারিত অভিভাবককে আমানতের অর্থ প্রদেয় হবে;

গ. আমানতকারী যে কোন সময় লিখিতভাবে তার মনোনয়ন বাতিল করে নতুন নমিনি মনোনয়ন করতে পারবেন;

ঘ. আমানতকারীর জীবদ্দশায় মনোনীত নমিনির মৃত্যু হলে ঐ মনোনয়ন বাতিল হিসেবে গণ্য হবে। সেই ক্ষেত্রে আমানতকারী পুনরায় নতুন নমিনি মনোনীত করবেন;

ঙ. কেবলমাত্র আমানতকারীর মৃত্যুর পরই নমিনি/নমিনিগণ হিসাবের অর্থ হিস্যা অনুযায়ী প্রাপ্য হবেন। এই ক্ষেত্রে Succession সার্টিফিকেট নেয়ার প্রয়োজন হবে না এবং তা শাখা পর্যায়েই নিষ্পত্তিযোগ্য হবে।

চ. আমানতকারীর মৃত্যু হলে নমিনিকে হিসাবের স্থিতি পরিশোধের জন্য নিম্নোক্ত কাগজপত্রাদি উপস্থাপন করতে হবে:

১. নমিনি/নমিনিদের/মনোনীত অভিভাবক এর আবেদনপত্র;
২. আমানতকারীর মৃত্যু সংক্রান্ত সনদপত্র (Death Certificate);
৩. শাখার দুইজন ভাল হিসাবধারী বা দুইজন গেজেটেড অফিসার বা ব্যাংকের দুইজন অফিসার বা ইউনিয়ন পরিষদ/পৌরসভা চেয়ারম্যান/কমিশনার কর্তৃক নমিনি/নমিনিবৃন্দের বা নাবালকসহ (যদি থাকে) মনোনীত অভিভাবকের সনাক্তকরণ পত্র;
৪. নমিনি/নমিনিবৃন্দ বা মনোনীত অভিভাবকের পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;
৫. নমিনি/নমিনিবৃন্দ বা মনোনীত অভিভাবক কর্তৃক শাখার একজনভাল হিসাবধারীর সাথে যৌথভাবে সম্পাদিত ইনডেমনিটি বন্ড।

০৬। মেয়াদ পূর্তির পূর্বে হিসাব বন্ধ করা হলে:

গ্রাহক/আমানতকারী ইচ্ছা করলে যে কোন সময়ে সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক বরাবর লিখিত আবেদন করে স্বীয় হিসাব বন্ধ করতে পারবেন। মেয়াদপূর্তির পূর্বে আমানত হিসাব বন্ধ করা হলে নিম্নোক্ত নিয়ম অনুসরণ করে প্রাপ্য অর্থ গ্রাহকের সঞ্চয়ী হিসাবের মাধ্যমে প্রদেয় হবে। সে ক্ষেত্রে হিসাব বন্ধ চার্জ আদায়যোগ্য হবে।

- নিম্নোক্ত নিয়মাবলি পরিপালন করে সংশ্লিষ্ট সঞ্চয়ী হিসাবে প্রাপ্য অর্থ স্থানান্তর:
  - ক. ১ বছরের কম সময়ের মধ্যে হিসাব বন্ধ করা হলে কোন সুদ প্রদান করা হবে না;
  - খ. ১ বছর ও তদূর্ধ্ব কিন্তু ৪ বছরের কম সময়ের মধ্যে হিসাব বন্ধ করা হলে সঞ্চয়ী রেটে সুদ প্রদেয় হবে (সর্বোচ্চ ৩.০০%)।
  - গ. ৪ বছর ও তদূর্ধ্ব কিন্তু ৬ বছরের কম সময়ের মধ্যে হিসাব বন্ধ করা হলে সুদ প্রদেয় হবে ৩.৫০%।
  - ঘ. ৬ বছর ও তদূর্ধ্ব কিন্তু ৮ বছরের কম সময়ের মধ্যে হিসাব বন্ধ করা হলে সুদ প্রদেয় হবে ৪.০০%।
  - ঙ. ৮ বছর ও তদূর্ধ্ব কিন্তু ১০ বছরের কম সময়ের মধ্যে হিসাব বন্ধ করা হলে সুদ প্রদেয় হবে ৪.৫০%।
  - চ. ১০ বছর ও তদূর্ধ্ব কিন্তু ১২ বছরের কম সময়ের মধ্যে হিসাব বন্ধ করা হলে সুদ প্রদেয় হবে ৫.০০%।

- হিসাব বন্ধ চার্জ:

ক. ১,০০,০০০/- টাকা পর্যন্ত স্থিতির ক্ষেত্রে	২০০/- টাকা
খ. ১,০০,০০০/- টাকার উর্ধ্বে স্থিতির ক্ষেত্রে	৩০০/- টাকা

* ভ্যাট ও ট্যাক্স (পরিবর্তনযোগ্য) কর্তন প্রযোজ্য।

০৭। মেয়াদ পূর্তির পর টাকা পরিশোধের পদ্ধতি:

ক. হিসাবের মেয়াদপূর্তির পর গ্রাহককে তার প্রাপ্য টাকা এককালীন প্রদেয় হবে;

খ. প্রতিটি হিসাবে বাৎসরিক ভিত্তিতে (Fiscal Year) চক্রবৃদ্ধি হারে সুদ প্রদেয় হবে;

গ. ব্যাংকের প্রচলিত নিয়মে সুদ প্রদান এবং সরকারি উৎসে কর ও আবগারী শুল্ক কর্তন পূর্বক গ্রাহককে তাঁর প্রাপ্য অর্থ প্রদান করতে হবে;

ঘ. হিসাবটি চেকবিহীন হবে এবং মেয়াদপূর্তিতে গ্রাহকের আবেদনের পরিপ্রেক্ষিতে এ হিসাবের টাকা সঞ্চয়ী হিসাবের মাধ্যমে প্রদেয় হবে।

০৮। হিসাবের বিপরীতে ঋণ সুবিধা প্রদান:

আপদকালীন সময়ের জন্য সংশ্লিষ্ট গ্রাহকের হিসাবের স্থিতি লিয়েন রেখে শুধুমাত্র হিসাবধারীর অনুকূলে এককালীন/SOD আকারে ঋণ প্রদান করা যাবে। এক্ষেত্রে-

ক. হিসাবের বিপরীতে ঋণ বিতরণযোগ্য;
খ. হিসাবের স্থিতির সর্বোচ্চ ৮০% ঋণ প্রদানযোগ্য;
গ. ঋণের মেয়াদকাল: সর্বোচ্চ ১ (এক) বছর (নবায়নযোগ্য);
ঘ. ঋণের উদ্দেশ্য: উৎপাদনমুখী কর্মকান্ডে/ব্যক্তিগত প্রয়োজনে এই ঋণ প্রদানযোগ্য;
ঙ. ঋণ বিতরণ পদ্ধতি: মঞ্জুরীকৃত ঋণ এককালীন বিতরণযোগ্য;
চ. মঞ্জুরকারী কর্তৃপক্ষ: শাখা ব্যবস্থাপক।

ছ. সুদহার: হিসাবের সুদহার অপেক্ষা ৩% অধিক সুদ (সুদ হার পরিবর্তনযোগ্য); সুদ ত্রৈমাসিক ভিত্তিতে চক্রবৃদ্ধি হারে আরোপযোগ্য;

জ. পরিশোধ পদ্ধতি: বিতরণের তারিখ থেকে ১ (এক) বছরের মধ্যে সুদসহ পরিশোধযোগ্য অথবা সুদ পরিশোধ সাপেক্ষে শুধুমাত্র মূল ঋণ নবায়নযোগ্য;

ঝ. দলিল পত্রাদি সম্পাদন:

১. আবেদন ফরম;
২. ডিমান্ড প্রমিসরি (DP) নোট;
৩. লেটার অব লিয়েন কাম অথরিটি (৩০০/- টাকার আঠালো স্ট্যাম্পে);
৪. লেটার অব ডিসবার্সমেন্ট;
৫. আমানতের মূল রশিদ (ডিসচার্জকৃত) জামানত হিসেবে জমা থাকবে।

❖ শুধুমাত্র সুদের টাকা নিয়ে মূল ঋণ নবায়নের ক্ষেত্রে/SOD ঋণের ক্ষেত্রে অতিরিক্ত নিম্নোক্ত ০২ (দুই) টি দলিল সম্পাদন করতে হবে:

১. লেটার অব কন্টিনিউটি (DP নোটের স্ট্যাম্প হারে);
২. রিভাইভাল লেটার (DP নোটের স্ট্যাম্প হারে)।

ঞ. ঋণ স্থিতি সীমা: ঋণের স্থিতি কোনক্রমেই আমানতের ৯০% এর অতিরিক্ত হতে পারবে না।

০৯। বিশেষ নির্দেশাবলী:

ক. কোন হিসাবধারী কর্তৃক নমিনি মনোনয়ন করা না হলে Succession সার্টিফিকেট অনুযায়ী উত্তরাধিকারী/উত্তরাধিকারীগণকে হিসাবের অর্থ প্রদান করা হবে;

খ. হিসাব খোলার সময় গ্রাহককে এই মর্মে একটি ঘোষণা প্রদান করতে হবে যে, এই স্কিমের নিয়মাবলী তিনি যথাযথভাবে পরিপালনে বাধ্য থাকবেন;

গ. আমানতকারীর লিখিত আবেদনের প্রেক্ষিতে ব্যাংকের এক শাখা হতে অন্য শাখায় হিসাব স্থানান্তর করা যাবে। তবে সংশ্লিষ্ট হিসাবের বিপরীতে ঋণ থাকলে তা পরিশোধ করতে হবে। এক্ষেত্রে আমানতকারীকে ব্যাংকের প্রচলিত হারে স্থানান্তর ফি ও ডাক খরচ শাখায় জমা দিতে হবে;

ঘ. এ স্কীমের বিপরীতে গৃহীত ঋণ সম্পূর্ণভাবে পরিশোধের পূর্বে আমানতকারীর মৃত্যু হলে আমানতের স্থিতি হতে ঋণের বকেয়া সমন্বয়ের পর অবশিষ্ট স্থিতি (যদি থাকে) নিযুক্ত নমিনি/নমিনিদেরকে বা উত্তরাধিকার/উত্তরাধিকারীগণকে প্রদেয় হবে। কোন অবস্থাতেই ঋণের টাকা অসমন্বিত রাখা যাবে না;

ঙ. হিসাবধারীর মৃত্যুর পর মেয়াদপূর্তী পর্যন্ত হিসাবটি চালু রাখা যাবে তবে নমিনি কর্তৃক নতুন করে অভিন্ন হিসাব খোলার ফরম পূরণ পূর্বক নতুন নমিনি নির্বাচনসহ আমানত স্কীমটি নমিনির নামে পরিবর্তন করে নিতে হবে। এক্ষেত্রে অভিন্ন হিসাব খোলার ফরমের অন্যান্য অংশও যথাযথভাবে পূরণ করতে হবে। উল্লেখ্য, নমিনি নাবালক হলে উপযুক্ত কোন অভিভাবকসহ যৌথভাবে হিসাবটি পরিচালনা করা যাবে;

চ. স্কীমটি ব্যাংকের নিজস্ব উদ্যোগে প্রণীত বিধায় ভবিষ্যতে এতদসংক্রান্ত কোন পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন/ সংযোজন সম্পূর্ন ব্যাংক এর এখতিয়ারভুক্ত থাকবে এবং গ্রাহক তা যথাযথভাবে পরিপালনে বাধ্য থাকবেন।

১০। হিসাবায়ন পদ্ধতি:

• Chart of Accounts অনুযায়ী "রাকাব ডাবল মানি স্কীম (RDMS)" হিসাবের জন্য নিম্নোক্তভাবে হিসাব খাত ও প্রোডাক্ট কোড ব্যবহার করতে হবে:

Name of Accounts	Account Serial	Account Number	Totalling Accounts	Product Code
RAKUB Double Money Scheme (RDMS)	90100000301	901204007006	90100000037	341
Interest on RAKUB Double Money Scheme (RDMS)	90400000157	9040103001063	90400000083	
Interest Provision of RAKUB Double Money Scheme (RDMS)	90100000302	9010401006063	90100000091	

১১। হিসাব খোলার ফরম ও জমা স্লিপ:
ক. হিসাব খোলার ফরম: বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত নির্দিষ্ট অভিন্ন হিসাব খোলার ফরমে হিসাব খুলতে হবে;
খ. জমা স্লিপ: বর্তমানে প্রচলিত স্থায়ী আমানত রশিদের মাধ্যমে এই হিসাব খুলতে হবে। রশিদের গায়ে মেয়াদ (১২ বছর মেয়াদী) উল্লেখপূর্বক "রাকাব ডাবল মানি স্কীম (RDMS)" হিসাব এবং সুদ হার সুস্পষ্টভাবে সীলমোহরকৃত হতে হবে।

১২। ব্যাপক প্রচারনার উদ্দেশ্যে শাখাসমুহ কর্তৃক উপযুক্ত দর্শনীয় স্থানে ব্যানার ও বোর্ড স্থাপন এবং পোস্টার ও লিফলেটের মাধ্যমে এই স্কিমের আওতায় হিসাব খোলার জন্য জনগনকে উদ্বুদ্ধ করণের নির্দেশনা দেয়া হলো।

১৩। এমতাবস্থায়, উপরোল্লিখিত বিধি বিধান ও নির্দেশাবলীর আলোকে নতুন আঙ্গিকে ৫.৯৫% বার্ষিক চক্রবৃদ্ধি সুদহারে প্রণীত "রাকাব ডাবল মানি স্কীম (RDMS)" এর আওতায় হিসাব খোলার কার্যক্রম ২৭.০৪.২০২২ তারিখ হতে কার্যকর করা হলো এবং শাখাসমূহকে যথাযথভাবে পরিপালনের নির্দেশনা প্রদান করা হলো।

১৪। উপরোক্ত নির্দেশনা পালনে কোন প্রকার গাফিলতি পরিলক্ষিত হলে শাখা ব্যবস্থাপক ও দ্বিতীয় কর্মকর্তাকে ব্যক্তিগতভাবে দায়ী করা হবে। জোনাল ব্যবস্থাপকগণ শাখা পরিদর্শনকালে এবং জোনাল নিরীক্ষা কর্মকর্তাগণ শাখা নিরীক্ষাকালে এই স্কীমের আওতায় হিসাব খোলা ও পরিচালনার ক্ষেত্রে পরিপত্রে বর্ণিত নিয়ম যথাযথভাবে অনুসৃত হচ্ছে কিনা তা পরীক্ষা করে দেখার পরামর্শ দেয়া হলো।

১৫। এতদসংক্রান্ত কোন ব্যাখার প্রয়োজন হলে মানিলন্ডারিং, টেরোরিস্ট ফাইন্যান্সিং প্রিভেনশন এন্ড ব্রাঞ্চেস কন্ট্রোল ডিপার্টমেন্ট-এ যোগাযোগ করার পরামর্শ দেয়া হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

২৬/০৪/২০২২

(মোঃ মহববত আলী বিশ্বাস)
উপ-মহাব্যবস্থাপক

প্রকা/এমটিএফপি এন্ড বিসিডি-০৮(৪৭)/২০২১-২০২২/১০৬৬(৪৫৪)/৬৯ — তারিখ: ২৬.০৪.২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৫। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৭। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান/ইউনিট প্রধান, ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী। উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী-কে সার্কুলারটি রাকাব-এর ওয়েবসাইটে প্রদর্শনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৮। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
০৯। প্রকল্প পরিচালক, এসইসিপি, রাজশাহী।
১০। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।

27/04/2022

(মোঃ রাশেদুল ইসলাম)
মুখ্য কর্মকর্তা